আবারো ছবি নির্মাণে তৌকীর

২০০৪ সালে নির্মাণ করেছিলেন জীবনের প্রথম চলচ্চিত্র 'জয়যাত্রা'। স্বীকৃতিও জুটেছিল আশাতীত। শ্রেষ্ঠ পরিচালকের পুরস্কারের পাশাপাশি বেশ কয়েকটি পুরস্কার পেয়েছিল ছবিটি। তার পরিচালিত দ্বিতীয় ছবি 'দারুচিনি দ্বীপে' অভিনয় করে অভিষেকেই শ্রেষ্ঠ অভিনেত্রী হিসেবে জাতীয় চলচ্চিত্র পুরস্কার পেয়েছিলেন জাকিয়া বারী মম। ২০০৬ সালে ইমপ্রেস টেলিফিল্মের ব্যানারে নির্মাণ করেছিলেন 'রূপকথার গল্প'। সাত বছর পর এবার আবারো ছবি নির্মাণ করতে যাচ্ছেন তৌকীর। জানিয়ে দিয়েছেন চিত্রনাট্য চূড়ান্ত করছেন। এটি চূড়ান্ত হলেই কাস্টিং নিয়ে ভাববেন বলে জানিয়ে এ কথাটিও জুড়ে দিলেন যে ছবিটিতে নতুন মুখ থাকার সম্ভাবনাই বেশি।

তারকাদের দেশপ্রেম

দেশের কাজে চিত্রতারকাদের অংশগ্রহণ মানুষকে দেশপ্রেমে উদ্বুদ্ধ করে। সমাজ, মানুষ ও দেশের জন্য পথে নামতেও দেখা যায় তাদের। বিশ্বের বিভিন্ন জায়গায় মানবতার অবমাননায় বিক্ষুব্ধ হয়ে হলিউডের তারকাদের যেমন প্রতিবাদ করতে দেখা গেছে, তেমনি আমাদের দেশেও '৬৯, '৭১-এ চিত্রতারকাদের রাজপথে নেমে আসতে দেখা গেছে। এবার ভারতেও দেখা গেল তেমনই এক বিরল দৃশ্য। রাস্তা ঝাড়ু দিচ্ছেন সালমান খান, ঋত্বিক রোশন; এমনকি পরিচ্ছন্নতা অভিযানে হাত লাগিয়েছেন প্রিয়াঙ্কা চোপড়াও। ২ অক্টোবর মহাত্মা গান্ধীর ১৫০তম জন্মদিনে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি যে 'ক্লিন ইন্ডিয়া' কর্মসূচির উদ্বোধন করেন, সেখানেই বলিউড তারকাদের দেশের জন্য এমন পরিচ্ছন্নতা অভিযানে অংশ নিতে দেখা গেছে।

স্মৃতির ফ্রেম

ব্রিটিশ পুলিশ ধরে নিয়ে যাচ্ছে কিশোর ক্ষুদিরাম বসুকে (৩ ডিসেম্বর, ১৮৮৯– ১১ আগস্ট, ১৯০৮)। উপমহাদেশে ব্রিটিশবিরোধী আন্দোলনের ইতিহাসে ক্ষুদিরাম বসু আজো এক কিংবদন্তি। বোমা মেরে ব্রিটিশ নাগরিক হত্যার দায়ে ১৯০৮ সালের ১১ আগস্ট ভোর ৪টায় তার ফাঁসির আদেশ কার্যকর করা হয়। প্রগাঢ় দেশপ্রেমে উদ্বুদ্ধ ক্ষুদিরাম হাসতে হাসতে সেদিন ফাঁসির মঞ্চে উঠে গিয়েছিলেন

আলো

জয়নাল আবেদীন

পেশায় তিনি প্রকৌশলী। কিন্তু নেশা মানবসেবা আর মরমি আধ্যাত্মিক সংগীত। এ পর্যন্ত ৫ শতাধিক মরমি গান ও গজল রচনা করেছেন। সুরও দিয়েছেন নিজে। প্রচারবিমুখ এই সমাজসেবক, মরমি সাধক ও গায়ক হচ্ছেন প্রকৌশলী জয়নাল আবেদীন। বুয়েট থেকে প্রকৌশলীর ডিগ্রি অর্জন করে সরকারি চাকরিতে উচ্চ পদে যোগ দিলেও তার মন পড়ে থাকে গ্রামের কৃষক, শ্রমিক, কামার, কুমার, জেলে আর তাঁতিদের মাঝে। গণপূর্ত বিভাগ ময়মনসিংহ সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জয়নাল আবেদীন আলাপচারিতায় জানান, মানবকল্যাণই তার জীবনের একমাত্র ব্রত। সংস্কৃতিমনা জয়নাল চতুর্থ ও পঞ্চম শ্রেণিতে পড়ার সময় দুটি নাটকে অভিনয় করে গ্রামবাসী আর সহপাঠীদের তাক লাগিয়ে প্রথম আলোচনায় আসেন। অষ্টম শ্রেণিতে পড়ার সময় রবীন্দ্রনাথকে নিয়ে প্রথম কবিতা লেখেন। এলাকার রাস্তাঘাট ও হাট-বাজার উন্নয়নসহ শিক্ষা ব্যবস্থা, স্বাস্থ্য ও স্যানিটেশন নিয়ে কাজ শুরু করেন এ সময়েই। এই কাজে এলাকাবাসীর বিপুল সাড়া জয়নালকে আরো উদ্বুদ্ধ করে। তখন থেকেই জীবনের ব্রত হিসেবে বেছে নেন মানবসেবাকে। দান-খয়রাত থেকে শুরু করে দুখী মানুষের পাশে দাঁড়ানো, অসুস্থদের সেবা, বেকারদের কর্মসংস্থান ও এলাকার স্বাস্থ্য-শিক্ষার উন্নয়নসহ জনকল্যাণমূলক নানা কাজের পরিকল্পনা রয়েছে মানবদরদী জয়নালের। আধ্যাত্মিক সাধনায় মগ্ন জয়নাল ১৯৯৫ সাল থেকে লেখালেখির সঙ্গে ব্যাপকভাবে যুক্ত।

–বাবুল হোসেন

আমার ডিএনএ-তেই রয়েছে ভালবাসা : রেখা

১০ অক্টোবর ৬০ বছরে পা রেখেছেন রেখা। তার সৌন্দর্যবিভা এখনো মুগ্ধতার আবেশ ছড়ায়। বলিউডের তারার মেলায় দীপ্তিময় মাধুর্যমণ্ডিত সৌষ্ঠব তাকে বছরের পর বছর এক অনন্য আকর্ষণ করে রেখেছে দর্শকদের মাঝে। দুষ্টুমি করে অনেকেই বলেন, 'রেখা কী খায় রে? এই বয়সেও এত্তো সুন্দর!' এমন প্রশ্নের জবাবে মুচকি হেসে রেখা বলেন, 'আর কিছুই না– ভালবাসা।' জন্মদিন উপলক্ষে বিশিষ্ট চিত্র সমালোচক ভাবনা সামায়াকে দেয়া এক রেডিও সাক্ষাৎকারে রেখা বলেন, 'আমার মনে হয় আমার এই লাবণ্যময় সৌন্দর্যের পেছনে রয়েছে গভীর ভালবাসা। আমাকে জন্ম দেয়ার আগে আমার বাবা-মা একে অন্যের ভালবাসায় বুঁদ হয়ে ছিলেন। সুতরাং আমার ডিএনএ-তেই রয়েছে ভালবাসা, যা আমি উপভোগ করি আর আমার চেহারায় তার আভা দ্যুতি ছড়ায়।'

রেকর্ডের পর রেকর্ড গড়ছে ব্যাং ব্যাং

মুক্তি পাওয়ার পর পাঁচদিনেই ২০০ কোটি রুপি আয় করেছে ঋত্বিক রোশন ও ক্যাটরিনা কাইফ অভিনীত ব্যাং ব্যাং ছবিটি। শুধু ভারতের বক্স অফিসেই নয়, সিদ্ধার্থ আনন্দ পরিচালিত এই ছবি আন্তর্জাতিক বাজারেও উদ্বোধনেই সব রেকর্ড ভেঙে দিয়েছে। মধ্যপ্রাচ্য, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া, পাকিস্তানে তুমুল সাড়া ফেলেছে ছবিটি। ঋত্বিক রোশনের এর আগের ব্লকবাস্টার কৃষ-৩, অগ্নিপথ এবং জিন্দেগি না মিলেগি দোবারা ছবিগুলোর উদ্বোধনী সপ্তাহের আয়কে টপকে গেছে এটি। সম্পূর্ণ পারিবারিক এ ছবি এরই মধ্যে ভারতের সর্বকালের সেরা উদ্বোধনী ৫ ছবির মধ্যে ঠাঁই করে নিয়েছে।

বিদ্যা-রাজকুমার যুগলবন্দি

বিদ্যা বালানের সঙ্গে এবারই প্রথম পর্দায় দেখা যাবে ২০১৩ সালে 'শহীদ' ছবিতে অভিনয় করে জাতীয় চলচ্চিত্র পুরস্কার জেতা রাজকুমার রাওকে। অনেকদিন ধরেই বিদ্যার সঙ্গে অভিনয়ের সুযোগ খুঁজছিলেন রাজকুমার। তাই পর্দায় স্বল্প উপস্থিতি সত্ত্বেও সুযোগটি হাতছাড়া করেননি। পরিচালক মোহিত সুরির 'হামারি আধুরি কাহানি' ছবিতে বিদ্যার স্বামীর ভূমিকায় দেখা যাবে তাকে। এ ছবির আরেক তারকা হচ্ছেন ২০১১ সালে ব্লকবাস্টার 'দ্য ডার্টি পিকচারে' বিদ্যার সহ-অভিনেতা ইমরান হাশমি। ২০১৫ সালের জুনে ছবিটি মুক্তি পাবে বলে জানা গেছে।

আপনি জানেন কি

প্রিয়াঙ্কা চোপড়া ও মেরি কম

সঞ্জয়লীলা বানসালি প্রযোজিত ও ওমাঙ্গ কুমার পরিচালিত 'মেরি কম' ছবিতে এক অনন্য অভিনয় প্রতিভার স্বাক্ষর রেখেছেন প্রিয়াঙ্কা চোপড়া। ভারতের বিখ্যাত মণিপুরি প্রমীলা বক্সার মেরি কমের চরিত্র ফুটিয়ে তুলতে তাকে অধ্যবসায়ের এক অগ্নিপরীক্ষা দিতে হয়েছে। ভারতের জন্য অসাধারণ সম্মান বয়ে আনা বক্সার মেরি কম দু সন্তানের জননী হয়েও ঘনকন্না সামলে যেভাবে স্বর্ণপদক জিতেছেন তা রূপকথাকেও হার মানায়। ছবিটিতে নিজের চরিত্র ফুটিয়ে তুলতে মেরি কমও অনেক সাহায্য করেছেন প্রিয়াঙ্কাকে। দুই বছর ধরে তিনি প্রিয়াঙ্কাকে বক্সিংয়ের টিপস দিয়েছেন। প্রিয়াঙ্কা নিজেও অকপটে স্বীকার করেছেন তার জীবনের সবচেয়ে কঠিন পরিশ্রমের ছবি এটি। শুটিংয়ে বক্সিং করতে গিয়ে আহতও হয়েছেন। ছবিটির মুক্তির তারিখ নিয়েও অনেক লড়তে হয়েছে। কথা ছিল ২ অক্টোবর মুক্তি দেয়া হবে এটি। কিন্তু শহীদ কাপুরের 'হায়দার' এবং ঋত্বিক রোশনের 'ব্যাং ব্যাং'-এর কারণে তড়িঘড়ি করে ৫ সেপ্টেম্বর মুক্তি দিতে হয় ছবিটি। বলিউডের বিখ্যাত অভিনেত্রীদের অনেকেই বিস্ময়ে অভিভূত হয়ে পড়েছেন এ ছবিতে তার অভিনয় দেখে।

প্রথম সপ্তাহেই বক্স অফিসে শীর্ষে মেজ রানার

বিজ্ঞান কল্পকাহিনী নিয়ে নির্মিত মুভি 'দ্য মেজ রানার' মুক্তির প্রথম সপ্তাহেই বাজিমাত করেছে বক্স অফিসে। প্রযোজনা প্রতিষ্ঠান টোয়েন্টিথ সেঞ্চুরি ফক্স মুভিজের ব্যানারে ছবিটি পরিচালনা করেছেন ওয়েজ বল। মুক্তির প্রথম সপ্তাহে ছবিটি আয় করেছে ৩ কোটি ২৫ লাখ ডলার। ছবিটি মুক্তির পর এ পর্যন্ত আয় করেছে ৭ কোটি ৬৩ লাখ ৩৯ হাজার ৮২১ ডলার। সেপ্টেম্বরে মুক্তির পর একযোগে বিশ্বের ৫০টি দেশে বিপুল ব্যবসা করে চলেছে ছবিটি। প্রখ্যাত লেখক জেমস ড্যাশনারের বই 'মেজ রানার' অবলম্বনে তৈরি হয়েছে ছবিটি। কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করেছেন তরুণ অভিনেতা ডিলান ও'ব্রেইন।

আগাম গ্র্যামি উৎসবে সম্মাননা পাবেন বব ডিলান

মিউজিকার্স ফাউন্ডেশনের ২০১৫ সালের জন্য 'মিউজিকার্স পারসন অব দ্য ইয়ার' নির্বাচিত হয়েছেন প্রথিতযশা মার্কিন পপ তারকা বব ডিলান। ন্যাশনাল একাডেমি অব রেকর্ডিং আর্টস অ্যান্ড সায়েন্সের একটি সহযোগী প্রতিষ্ঠান মিউজিকার্স ফাউন্ডেশন। ১৯৮৯ সালে প্রতিষ্ঠিত মিউজিকার্স ফাউন্ডেশন প্রতি বছর সংগীতে অবদানের জন্য এই

সম্মাননা দিয়ে থাকে। ইতিপূর্বে ১০ বার গ্র্যামি অ্যাওয়ার্ডপ্রাপ্ত এই মিউজিক লিজেন্ডের খ্যাতির ঝুড়িতে তাই যুক্ত হচ্ছে আরেকটি নতুন পুরস্কার। আগামী বছর ৬ ফেব্রুয়ারি গ্র্যামি অ্যাওয়ার্ড ঘোষণার আগাম উৎসবে যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসে এই সম্মাননা দেয়া হবে। উল্লেখ্য, বব ডিলান ইতিমধ্যে মার্কিন যুক্তরাষ্ট্রের 'রক অ্যান্ড রোল-এর হল অব ফেম' ও 'সং রাইটার্স হল অব ফেমে' স্থান করে নিয়েছেন। ৭৩ বছর বয়সী বিশ্বসংগীতের এই দিকপাল ১৯৯২ সালে পেয়েছেন আজীবন সম্মাননা।

বিএফএল লন্ডন চলচ্চিত্র উৎসব
কম্পিউটারের জনককে নিয়ে ছবির প্রিমিয়ার

লন্ডনে ভীষণ বিশ্রী আবহাওয়া ছিল ৮ অক্টোবর। তবুও প্রবল বর্ষণ উপেক্ষা করে উপস্থিত শত শত দর্শনার্থীর উল্লাসধ্বনিতে লালগালিচায় হেঁটে গিয়ে এ বছরের বিএফএল লন্ডন চলচ্চিত্র উৎসবের উদ্বোধন করলেন বেনেডিক্ট কাম্বারব্যাচ। সঙ্গে ছিলেন এ উৎসবে প্রিমিয়ার শো হতে যাওয়া 'দি ইমিটেশন গেম' ছবিতে তার সহ-অভিনেত্রী কেইরা নাইটলি। শার্লক হোমস খ্যাত কাম্বারব্যাচ কম্পিউটারের পথিকৃৎ অ্যালান টারিংয়ের জীবনীভিত্তিক এ ছবিতে নাম ভূমিকায় অভিনয় করেছেন। লন্ডনের লিচেস্টার স্কয়ারে ইউরোপে ছবিটির প্রিমিয়ারের এ অনুষ্ঠানে কাম্বারব্যাচ বলেন, 'টারিং ছিলেন এক অনন্যসাধারণ মানুষ। তার অর্জন, বীরত্ব এবং বিচারের সম্মুখীন হওয়ার কথা তেমন একটা কেউ জানে না। পাঠ্য বইগুলোর প্রচ্ছদে তার কথা থাকা উচিত।'

উল্লেখ্য, টারিংকে বলা হয় কম্পিউটারের জনক। এই গণিতজ্ঞ দ্বিতীয় বিশ্বযুদ্ধে ব্রিটেনের সরকারি কোড ও গুপ্ত লিখন-পদ্ধতি স্কুলে কর্মরত ছিলেন। ১৯৫২ সালে সমকামিতার অভিযোগে তার বিচার হয়। বিচারের দণ্ড হিসেবে তিনি কারাগারে যাওয়ার বদলে ইস্ট্রোজেন ইনজেকশন নেয়াকে বেছে নেন এবং ১৯৫৪ সালে ৪২তম জন্মদিনের মাত্র ১৬ দিন আগে মারা যান।